



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৪০

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮

২৫ মে ২০২১

বিষয়: আর্দ্রতামাপক যন্ত্র সেবা সহজিকরণ উদ্যোগের সংশোধিত কর্মকরিকল্পনা ও সহজিকরণ উদ্যোগ অনুমোদন এবং অর্থ বরাদ্দের মঞ্জুরি প্রদান।

সূত্র: আখানি রাজশাহী এর ০৯/০৫/২০২১ খ্রিঃ তারিখের ১৮৯৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “সরকারি খাদ্য গুদামে বিনির্দেশসম্মত পাটের বস্তা গ্রহণ ও বিতরণ” নামে একটি সহকজিকরণ পাইলট উদ্যোগটি বাস্তবায়নের সুবিধার্থে কারিগরি যন্ত্রপাতি হিসেবে আর্দ্রতামাপক যন্ত্র ও সফটওয়্যার ক্রয়ের বিষয়টিকে ১ম ও ২য় পর্যায়ে বিভক্ত করে সংশোধিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী পাইলট প্রকল্প হিসেবে বাস্তবায়নের জন্য প্রশাসনিক অনুমোদন প্রদান করা হলো।

পাইলট উদ্যোগটি বাস্তবায়নের সুবিধার্থে ১ম পর্যায়ে চলতি অর্থ বছরে জেলা বগুড়া, নওগাঁ ও ব্রাহ্মণবাড়ীয়ায় পাইলটিং এর জন্য ০৩টি আর্দ্রতামাপক যন্ত্র ক্রয়ের সম্ভাব্য মূল্য (১,৮০,০০০ × ০৩) = ৫,৪০,০০০/- টাকা প্রয়োজন।

সহজিকরণ আইডিয়া পাইলট আকারে বাস্তবায়নের ১ম পর্যায়ের ব্যয় নির্বাহের জন্য অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ১৬/০৮/২০১৫ খ্রি: তারিখের ০৭.০০.০০০০.১৫১.২২.০০৩.১৫-৩৫১(১) নং স্মারকে প্রদত্ত ক্ষমতা বলে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনের প্রেক্ষিতে উল্লিখিত কার্যালয়ের নামের পার্শ্বে বর্ণিত টাকার আর্থিক মঞ্জুরি প্রদান করা হলো:

ক্রঃনং	অর্থনৈতিক কোড নং	কার্যালয়ের নাম	টাকার পরিমাণ
১	১৪৮০২০১১৩০২২০-৩২৫৭১০৫ (উদ্ভাবন ব্যয়)	জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া	১,৮০,০০০/-
২		জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নওগাঁ	১,৮০,০০০/-
৩		জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়ীয়া	১,৮০,০০০/-
		মোট=	৫,৪০,০০০/-

উক্ত টাকা চলতি ২০২০-২০২১ অর্থ-বছরের প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোড নং- ১৪৮০২০১১৩০২২০-৩২৫৭১০৫ উদ্ভাবন ব্যয় খাত হতে মিটানো হবে। মঞ্জুরিকৃত টাকার আর্থিক বরাদ্দপত্র পরিচালক, হিসাব ও অর্থ জারি করবেন। উক্ত মঞ্জুরিকৃত টাকা সংশ্লিষ্ট দপ্তর প্রধান আয়ন-ব্যয়ন করবেন। জেলা খাদ্য নিয়ন্ত্রক বগুড়া, নওগাঁ ও ব্রাহ্মণবাড়ীয়ায় (ডিডিও) সরকারি প্রচলিত বিধি-বিধান প্রতিপালনপূর্বক ব্যয় নির্বাহ করবেন। এতদসংক্রান্ত যাবতীয় বিল ভাউচার ও রেজিস্ট্রার যথাযথভাবে সংরক্ষণ করবেন। একই সাথে পাইলটিং কার্যক্রমের অগ্রগতি নিয়মিতভাবে খাদ্য অধিদপ্তরে প্রেরণ করবেন।

এতে মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর এর অনুমোদন রয়েছে।



২৫-৫-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট

ফোন: +৮৮-০২-৪৭১১০৬৯৮

ইমেইল: sys@dgfood.gov.bd

চিফ একাউন্টস, এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য ও দুর্যোগ
ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.১০০.০৬.০০১.১৭.১৪০/১(৭)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪২৮
২৫ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৫) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বগুড়া
- ৬) জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, নওগাঁ



২৫-৫-২০২১

মঞ্জুর আলম

সিস্টেম এনালিস্ট